কার্পাসডাঙ্গায় হত্যা মামলায় দুইজনের ১০ বছরের কারাদণ্ড

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় হত্যা মামলার দুই আসামিকে ১০ বছর করে সাজা দেয়া হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা ও দায়রা জজ-২ আদালতের বিচাকর মাসুদ আলী আসামিদের উপস্থিতিতে এ রায় ঘোষণা করেন।

সাজাপ্রাপ্তরা হলেন দামুড়হুদা উপজেলার পিরপুরকুল্লা গ্রামের রজব আলীর ছেলে নজরুল (৪০) ও একই এলাকার আজ্জেল মোড়লের ছেলে ইস্রাফিল (৪৩)।

আদালত সূত্রে জানা যায়, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার পিরপুরকুল্লা গ্রামে সিমিরখালীর মাঠে ২০১৩ সালের ১৬ নভেম্বর সকাল ৭টার দিকে জমি নিয়ে পূর্ব বিরোধের জেরে একই এলাকার শাহাদৎ মন্ডলের ছেলে স্বার্থক আলীকে পিটিয়ে হত্যা করা হয়। ওই ঘটনার পরদিন স্বার্থক আলীর ছেলে বরকত আলী বাদী হয়ে একই গ্রামের রজব আলীর ছেলে নজরুল, মরহুম আজ্জেল মোড়লের দুই ছেলে ইস্রাফিল ও শহিদুল এবং নজরুলের ছেলে তামিমকে আসামি করে ৩৪১, ৩০২ ও ৩৪ ধারায় দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করেন। ঘটনার পরপরই আসামিরা পালিয়ে থাকলেও ২০১৪ সালের ৩১ মার্চ চুয়াডাঙ্গা আদালতে আত্মসমর্পণ করে।

পরে আসামিরা জামিনে মুক্ত হয়। বাদী পক্ষের ১৭ জন সাক্ষীর সাক্ষগ্রহণ শেষে দীর্ঘ ১০ বছর পর বিজ্ঞ বিচারক এ রায় ঘোষণা করেন। রায়ে আসামি নজরুল ও ইস্রাফিলকে ১০ বছর কারাদণ্ড এবং ১০ হাজার টাকা জরিমানা এবং অপরাধ প্রমাণিত না হওয়ায় মামলার অপর দুই আসামি শহিদুল ও তামিমকে বেকসুর খালাস দেয়া হয়।

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ৩ দিন ব্যাপী কবি নজরুল মেলার উদ্বোধন

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় ৩দিন ব্যাপী কবি নজরুল মেলা উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল ৩ টার দিকে তিন দিন ব্যাপী কবি নজরুল মেলা ২০২৩ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর এমপি।

মেলার উদ্বোধন ও আলোচনা পর্বে কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদের সভাপতি অধ্যাপক এম এ গফুরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর এমপি,বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন,দামুড়হুদা উপজেলা আ:লীগের সাধারন সম্পাদক হাজী শহিদুল ইসলাম,ছড়াকার কবি আতিক হেলাল,চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নাজমুল হেলাল,কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ:লীগের সভাপতি শাফিকউর রহমান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন,প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারী কলেজের সহযোগী অধ্যাপক মুন্সী আবু সাইফ,দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ,স্বাগত বক্তব্য রাখেন বাঁশরী একটি নজরুল চর্চা কেন্দ্রের সভাপতি ড.ইঞ্জিনিয়ার খালেকুজ্জামান,শুভেচ্ছা বক্তব্য রাখেন কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদের সাধারন সম্পাদক সাইফুল ইসলাম।

এসময় আরো উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউপির সাবেক চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, কুড়ুলগাছি ইউনিয়ন আ:লীগের সাধারন সম্পাদক সরোয়ার হোসেন, আহম্মাদ মাস্টার, জাহিদুর রহমান মুকুল, মন্টু মেম্বার, রাজ্জাক, নুর মোহাম্মদ ভগু, জালাল, গেগার, শওকত, শহিদ বিশ্বাস, যুবলীগ নেতা মোস্তাফিজ কচি, শরীফ রতন, মেহেদী হাসান মিলন, বখতিয়ার খলজি বকুল, জব্বার খাবলি, হামিদ, নুরুল ইসলাম, আকলিমা খাতুন, আবু বক্কর, আটচালা ঘর মালিক প্রকৃতি বিশ্বাস বকুল, মধু, রঘুনাথ পাল প্রমূখ।

কার্পাসডাঙ্গায় নির্ধারিত মূল্যের অতিরিক্ত দামে সার বিক্রির অভিযোগ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাটুদাহ ইউনিয়নের ছাতিয়ানতলা গ্রামে আনছার ট্রেডার্স ও আক্তার ট্রেডার্স নামের দুই সার বিক্রেতার বিরুদ্ধে সরকার নির্ধারিত মূল্যর তোয়াক্কা না করে আরো বেশী মূল্যে ইউরিয়া ও রাসায়নিক সার বিক্রির অভিযোগ উঠেছে।

জানা গেছে, ছাতিয়ান তলা গ্রামে আনছার ট্রেডার্সের মালিক সার ও কীটনাশক বিক্রেতা মিয়ারুল কোন প্রকারের লাইসেন্স ছাড়াই অবৈধভাবে সরকারী মূল্যর কোন তোয়াক্কা না করে ইউরিয়া ও বিভিন্ন রাসায়নিক সারে কেজি প্রতি ৩ থেকে ৪ টাকা বেশী নিয়ে বিক্রি করছেন। অপরদিকে আক্তার ট্রেডার্সের মালিক আক্তারুলও লাইসেন্স ছাড়া হরহামেশাই ইউরিয়া ও বিভিন্ন রাসায়নিক সার বিক্রি করছেন। এলাকাবাসীর অভিযোগ আনছার ট্রেডার্সের সত্তাধিকারী মিয়ারুল যেনো খুবই বেপরোয়া। সে কারো কোন কিছু তোয়াক্কা করেনা। ইচ্ছেমত গলা কাটা দামে চাষীদের ঠকিয়ে তাদের সাথে চরম প্রতারনা করে বেশী দামে সার বিক্রি করে মুনাফা লুটছে।

আর রাতারাতি আঙ্গুল ফুলে কলাগাছ বনে গিয়ে দোতলা বাড়ি সহ অঢেল টাকার মালিক বনে গেছে। এ বিষয়ে মিয়ারুলের সাথে কথা বললে তিনি আমতা আমতা করে দাম বেশী নেবার কথা অকপটে স্বীকার করেন।এ বিষয়ে আক্তারুলের সাথে কথা বললে তিনি জানান কেজি প্রতি ১ টাকা বেশী নেন তিনি।গাড়ি ভাড়া পড়ে একটু বেশী তাই ১ টাকা বেশী নিতে হয়।

স্থানীয় চাষীরা জানান সরকার যেখানে চাষীদের বাঁচাতে সারে প্রচুর পরিমান টাকা ভূর্তুকি দিচ্ছে সেখানে মিয়ারুলের ব্যাবসায়ীদের কারনে কৃষকরা চরম লোকসানের মুখে পড়ছে ও চরম ভাবে আর্থিক ক্ষতিগ্রস্থ হচ্ছে। তারা জানান দ্রুত এর প্রতিকার না মিললে প্রয়োজনে চুয়াডাঙ্গায় বিজ্ঞ জেলা প্রশাসক সহ উদ্ধতন কর্মকর্তাদের দ্বারস্থ হবো তবুও এর একটা বিহিত চাই।অবৈধ এসব

মুনাফালোভীদের হাত থেকে কৃষকদের বাঁচাতে মিয়ারুল ও আক্তারুলের বিরুদ্ধে তদন্ত পূর্বক ব্যাবস্থা নিতে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী সহ সচেতন মহল।

এ বিষয়ে দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামানের সাথে কথা বললে তিনি জানান এ ধরনের অভিযোগ পেলে সরকারী নির্ধারিত মূল্যের চাইতে যে বেশী দাম নেবে তার বিরুদ্ধে আমরা সাথে সাথে ব্যাবস্থা নেবো। এদের কোন প্রকার ছাড় দেওয়া হবেনা।

এ বিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সাথে কথা বললে তিনি জানান এ বিষয়ে তদন্ত করে যদি সত্যতা পাওয়া যায় তবে অবশ্যই আমরা কঠোর আইনগত ব্যাবস্থা নেবো। কোন প্রকার ছাড় দেওয়া হবেনা।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় দালালের খপ্পরে পড়ে যুবক তাহাজুল সৌদি আরবে নিখোঁজ

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় ভাগ্য পরিবর্তনের আশায় ভিটেবাড়ি বন্ধক রেখে ছেলেকে পাঠান সৌদি আরব, তাহাজুল ইসলাম বিদেশে পৌঁছানোর পর বুঝতে পারেন প্রতারকের খপ্পরে পড়েছেন দরিদ্র দিনমজুর জিন্নাত আলী। বসতঘরটিও হারিয়ে ঠাঁই তখন গোয়াল ঘরে।

জানা গেছে, কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা নুরিতলা পাড়া’র জিন্নাত আলী প্রতারকের খপ্পরে পড়ে ছেলেকে সৌদি আরব পাঠানোর সিদ্ধান্ত নেন। পীরপুরকুল্লা গ্রামের হানু আলীর ছেলে আদম ব্যাপারী দালাল রফিকুল ইসলাম এর সঙ্গে ৫ লাখ ৮০, হাজার টাকায় চুক্তি হয়। চুক্তি অনুযায়ী ৫ লাখ ৮০ হাজার টাকা জোগাড় করতে বন্দক রাখেন জমি। ৫ লাখ ৮০ হাজার টাকা তুলে দেন আদম ব্যাপারী দালাল রফিকুল ইসলাম হাতে গত (২১এপ্রিল) ২০২২ তারিখে তাহাজুল ইসলামকে সৌদি আরবে পাঠিয়ে দেয়। সৌদি আরবে যাওয়ার পরে এক সপ্তাহ

ধরে বিভিন্ন সময় পরিবারের সাথে তাহাজুল ইসলাম এর কথা হয়। তার পর থেকে কোনো খোঁজ নেই। এ নিয়ে পরিবারের লোকজন আশঙ্কায় দিন কাটাচ্ছেন।স্থানীয়ভাবে বেশ কয়েকবার সালিশী বৈঠকেও মেলেনি সমাধান জানান ভুক্তভোগী বাবা জিন্নাত আলী।

তাহাজুল ইসলামের স্ত্রী মাবিয়া খাতুন বুঝতে পারার পর প্রতারণার ঘটনাটি জানানো হয় গ্রামের মুরুব্বীদের। তবে সালিশী বৈঠকেও মিললো না সমাধান। উল্টো দালালের পক্ষ থেকে ভয়ভীতি দেখানো হচ্ছিল পরিবারটিকে। নিখোঁজ স্বামী ও টাকা ফিরে পেতে অবশেষে বিজ্ঞ আদালতে মামলা ও থানায় জিডি নং ৭২। ও বিষয়টি মৌখিকভাবে কার্পাসডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাসকে অবগত করা হয়েছে বলে জানান ভুক্তভোগী পরিবার।

বর্তমানে পরিবারটি সর্বস্বান্ত বিষয়টির প্রতি চুয়াডাঙ্গা পুলিশ সুপারের সু-দৃষ্টি কামনা করেছে বিপদগ্রস্ত তাহাজুলের পরিবার। তাহাজুল ইসলামের পিতা জিন্নাত আলী জানান, দালালচক্র যে কোম্পানীর মাধ্যমে আমার ছেলেকে সৌদি আরবে পাঠিয়েছে ওখানে সে কোম্পানীর কোনো অস্তিত্ব পাওয়া যাচ্ছে না। শুধু তাই নয়; জাল ভিসার কারণে আকামা লাগানো যাচ্ছে না বলে আমার ছেলে আমাকে বলেছিলো, তার পর থেকে দীর্ঘ পাঁচ মাস যাবত আমার ছেলের সাথে কোন যোগাযোগ করতে পারছি না একমাত্র আল্লাহ জানে আমার ছেলে বেঁচে আছে কিনা মরে গেছে।

এসব দালালদের খপ্পরে পড়ে আমার ছেলের মতো এলাকার অনেক মানুষ সর্বস্বান্ত হচ্ছে । এসব দালালদের দৃষ্টান্তমূলক শাস্তি না হলে আমার ছেলের মতো অনেকেই প্রতারিত হয়ে সর্বস্ব হারাবে। রফিকুল ইসলামের মতো দালালদের মুখোশ উন্মোচন হওয়া দরকার। যাতে করে আমার ছেলের মতো আর কেউ প্রতারণার শিকার না হয়।

তবে অভিযুক্ত রফিকুল ইসলামের মুঠোফোনে বারবার ফোন দিয়ে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ করেননি।

কার্পাসডাঙ্গা এজেন্ট আউটলেট হিসেবে নিয়োগ পেলো অক্সফোর্ড সৌর বিদ্যুতায়ন প্রকল্প

অক্সফোর্ড সোলার টেকনোলজি কোম্পানি লিমিটেডের অঙ্গ প্রতিষ্ঠান অক্সফোর্ড সৌর বিদ্যুতায়ন প্রকল্প এর নামে সোনালী ব্যাংক এজেন্ট ব্যাংকিং এর অনুমোদন দিয়েছে ব্যাংকটির ব্যাবস্থাপনা পরিচালক।

রবিবার দুপুরে সোনালী ব্যাংকের হেড অফিসে এক অনুষ্ঠানে অনুমোদন পত্র দেওয়া হয়।

তুলে দেওয়া হয় অক্সফোর্ড সৌর বিদ্যুতায়ন প্রকল্পের পরিচালক এর হাতে সোনালী ব্যাংক কার্পাসডাঙ্গা। আউটলেট শাখা অনুমোদন পত্র দেওয়ার সময় উপস্থিত ছিলেন সোনালী ব্যাংকের এজেন্ট ব্যাংকিং এর পরিচালক খলিলুর রহমান। কার্পাসডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি ও বিশিষ্ট সমাজসেবক রবিউল হোসেন শুকলাল।

আরো উপস্থিত ছিলেন আহসান হাবিব মুয়াজ এবং আবু হাসান, সোনালী ব্যাংক লিমিটেডের উর্ধ্বতন কর্মকর্তারা সহ অক্সফোর্ড সোলার টেকনোলজি কোম্পানি লিমিটেড ও শাপলা টিভি বাংলার চেয়ারম্যান মুফতি বনি ইয়ামিন। উপস্থিত ছিলেন অক্সফোর্ড সোলার টেকনোলজি কোম্পানি লিমিটেডের সিইও ও অক্সফোর্ড সৌর বিদ্যুতায়ন প্রকল্পর ব্যাবস্থাপনা পরিচালক মোছাঃ শাহানাজ পারভিন।

সোনালী ব্যাংকের অনুমোদন পাওয়ার পর অক্সফোর্ড সোলার টেকনোলজি কোম্পানি লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জানান সোনালী ব্যাংকের মাধ্যমে সকল ব্যাংকিং সেবা দেওয়া হবে। গ্রাহকরা খুব সহজ ও নিরাপদের সাথে লেনদেন করতে পারবেন। সরকারি বেসরকারি সকল সেবা পাওয়া যাবে সোনালী ব্যাংক এজেন্ট আউটলেট কার্পাসডাঙ্গা থেকে।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় ওয়ার্কাস পার্টির মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় ওয়ার্কাস পার্টির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকাল ৩টার দিকে কার্পাসডাঙ্গা আশ্রয়ন প্রকল্প চত্ত্বরে।

দামুড়হুদা থানা কমিটির সভাপতি কমরেড আনছার আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা কমিটির সাধারন সম্পাদক কমরেড আনোয়ার হোসেন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কমরেড শিক্ষক সিরাজুল ইসলাম বদ্দী,কমরেড আমিনুল ইসলাম লাল্টু,কমরেড নুরুল হুদা,কমরেড আ:মান্নান, কমরেড নজরুল ইসলাম। কাশেম,মিলন,সামাদুল হক।

অনুষ্ঠানটি পরিচালনা করেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন শাখার সভাপতি কমরেড আ:সামাদ।

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় আইএফআইসি ব্যাংকের উদ্বোধন

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে তেল পাম্পের সামনে আইএফআইসি ব্যাংকের উদ্বোধন করা হয়েছে সোমবার সকাল ১০ টার দিকে।

সব ব্যাংকিং সেবা নিয়ে আই এফ আইসি ব্যাংক এখন আপনার দোরগোড়ায় এ শিরোনাম সামনে রেখে আইএফআইসি ব্যাংকের শুভ উদ্বোধন করা হয়।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আঃকরিম বিশ্বাস।

এসময় আরো উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা জনতা ব্যাংক শাখার ম্যানেজার মোজাফ্ফর হোসেন,কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি আলমগীর রাসেল,সাংগঠনিক সম্পাদক তুহিন আক্তার, আইএফ আইসি ব্যাংকের দর্শনা শাখার ম্যানেজার সোহরাব হোসেন ,অফিসার এস এম সাব্বির আহমেদ,কার্পাসডাঙ্গা ব্যাংক ইনচার্জ মাজহারুল ইসলাম,অফিসার রাকিব আহমেদ,সাংবাদিক আতিয়ার রহমান,মেহেদী হাসান মিলন,শরীফ রতন,সাজিবার মেম্বর,দেলোয়ারা খাতুন, আনেহার সহ এলাকার গন্যমান্য ব্যাক্তিবর্গ সহ বিভিন্ন ব্যাংক ও এনজিও সংস্থার কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ১৮ বোতল ফেন্সিডিল সহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ১৮ বোতল ফেন্সিডিল সহ মমতাজ খাতুন নামে এক জনকে আটক করেছে পুলিশ।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিকনির্দেশনায় শুক্রবার রাত ৮টার দিকে কার্পাসডাঙ্গা বাজার পাড়া গ্রামস্থ আসামির নিজ বসত বাড়ির উঠান থেকে ভারতীয় নিষিদ্ধ ফেন্সিডিল সহ আটক করা হয়।

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই ইমরান হোসেন এর নেতৃত্বে এএসআই মসলেম উদ্দিন সহ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় পুলিশ ফোর্স নিয়ে কার্পাসডাঙ্গা বাজার পাড়া এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন অভিযান পরিচালনা করে ১৮ বোতল ফেনসিডিল সহ এক জনকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত হলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কার্পাসডাঙ্গা বাজার পাড়ার মোতালেব হোসেনের স্ত্রী মমতাজ খাতুন (৪৫)কে আটক করে পুলিশ। আটককৃত আসামির কাছ থেকে ১৮ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। পরে আসামির দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করে। এবিষয়ে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা রুজু হয়েছে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, ফেন্সডিল সহ এক জন আটক হয়েছে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে, আগামীকাল আসামিকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।

দামুড়হুদার কার্পাসডাঙ্গা ইউপি সদস্যের বিরুদ্ধে ফেসবুকে অপপ্রচার

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের মহিলা প্যানেল চেয়ারম্যান দেলোয়ারা খাতুনের বিরুদ্ধে একটি ফেসবুক আইডি থেকে মিথ্যা কুৎসা রটনার অভিযোগ উঠেছে।

জানা গেছে সোমবার অজানা অতিথি নামের ফেসবুকে একটি ফেক আইডি খুলে তাতে কার্পাসডাঙ্গা ইউপির প্যানেল চেয়ারম্যান ৫,৮,৯ সংরক্ষিত আসনের মহিলা মেম্বার দেলোয়ারা খাতুনের ছবি ব্যাবহার করে তার বিরুদ্ধে আপত্তিকর মিথ্যা বানোয়াট অভিযোগ তুলে অপ্রচার করা হয়েছে।

দোলোয়ারা মেম্বার জানান আমি বিষয়টি দেখার পরে আমার পরিষদের চেয়ারম্যান সাহেব ও মেম্বারগনকে অবহিত করেছি। সেই সাথে আমি একটা কথা বলতে চাই আমার বিরুদ্ধে ফেসবুক আইডিতে যা লেখা হয়েছে তা আমার সম্মানহানী ও সমাজে হেয়প্রতিপন্ন করা হয়েছে।আমার জনপ্রিয়তায় ঈর্ষানিত হয়ে সেই কুলাঙ্গার আমার বিরুদ্ধে আজেবাজে পোস্ট করছে।দেলোয়ারা মেম্বার ওই আইডির নামে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা সহ থানায় অভিযোগের প্রস্তুতি নিচ্ছেন। আমার যে সম্মানহানী করেছে তার কোন ছাড় নেই।

এ বিষয়ে কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আঃকরিম বিশ্বাসের সাথে কথা বললে তিনি জানান আমার পরিষদের মেম্বারের নামে মিথ্যা অপপ্রচার করা হবে মানহানী করা সেটা আমি কোনভাবেই মেনে নেবোনা।আমি দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) সাহেবের সাথে কথা বলে আইনগত যা যা ব্যাবস্থা নেবার তা নেবো।

এ বিষয়ে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এস আই ইমরানের সাথে কথা বললে তিনি জানান দেলোয়ারা মেম্বার আমার কাছে এসেছিলো আমি থানায় জিডি করার পরামর্শ দিয়েছি। জিডি করলে তার তদন্তে এর মূল হোতা বেরিয়ে আসবে।

কার্পাসডাঙ্গায় ৩৫ বোতল ফেনসিডিলসহ ২ জন আটক

দামুড়হুদা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৩৫ বোতল ফেনসিডিলসহ আহসান হাবিব ও আব্দুল মান্নান নামে দুই জনকে আটক করেছে পুলিশ।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিক নির্দেশনায় আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ৭টার দিকে কার্পাসডাঙ্গা গ্রামস্থ ডন ইট ভাটার সামনের পাকা রাস্তা থেকে তাদেরকে গ্রেফতার করা হয়।

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই আতিকুর রহমান জুয়েল এর নেতৃত্বে এএসআই মসলেম উদ্দিন, এএসআই জাহিদুল ইসলাম সহ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় পুলিশ ফোর্স নিয়ে কার্পাসডাঙ্গা গ্রামস্থ ডন ইট ভাটা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন অভিযান পরিচালনা করে ৩৫ বোতল ফেনসিডিল সহ দুইজনকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতরা হলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কানাইডাঙ্গা গ্রামের জামাত আলীর ছেলে আহসান হাবিব (৩০) ও একই গ্রামের আলী আহম্মেদের ছেলে আব্দুল মান্নান (৩৫)কে আটক করে পুলিশ। আটককৃত আসামিদের কাছ থেকে ৩৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। পরে আসামিদের দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করে। এবিষয়ে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা রুজু হয়েছে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, ফেনসিডিল সহ দুই জন আটক হয়েছে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে

মামলা হয়েছে, আসামিদের বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছেl